মেহেরপুরে প্রতিবন্ধী ও শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

মেহেরপুর সদর উপজেলার প্রতিবন্ধী, দরিদ্র ও শীতার্ত মানুষের মাঝে ১৫০টি কম্বল বিতরণ করেছে ইম্প্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশ, মেহেরপুর প্রোগ্রাম।

আজ বৃহস্পতিবার সকালে আয়োজিত কম্বল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইম্প্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশ, মেহেরপুর প্রোগ্রামের প্রশাসক মো. সফিকুল ইসলাম। সভা পরিচালনা করেন সংস্থাটির মেহেরপুর প্রোগ্রামের অর্থ ও প্রশাসনিক কর্মকর্তা মাহফুজুর রহমান।

অনুষ্ঠানে ইম্প্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশ, মেহেরপুর প্রোগ্রামের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীরাও উপস্থিত ছিলেন। এ সময় বক্তারা বলেন, শীত মৌসুমে সমাজের অসহায় ও সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানো একটি মানবিক কর্তব্য। এ ধরনের উদ্যোগ সমাজে সহমর্মিতা ও সামাজিক মূল্যবোধকে আরও সুদৃঢ় করে।

এদিকে ইম্প্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশের ধারাবাহিক শীতবস্ত্র কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর সদর উপজেলার পাশাপাশি গাংনী ও মুজিবনগর উপজেলায় মোট ৭৫০ জন শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

ঝিনাইদহে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

তীব্র এই শীতে সমাজের নিম্নআয়ের মানুষকে একটু উষ্ণতা দিতে ঝিনাইদহে ’শতাধিক কম্বল বিতরণ করা হয়েছে।

বুধবার (১৭ ডিসেম্বর) সকালে শহরের চুয়াডাঙ্গা স্ট্যান্ড এলাকায় হোটেল শ্রমিকদের মাঝে এ কম্বল বিতরণ করা হয়।

জেলা হোটেল শ্রমিক ইউনিয়নের সাবেক সাধারণ সম্পাদক আমির হোসেনের পক্ষ থেকে শহরের বিভিন্ন এলাকায় অবস্থিত হোটেলের শ্রমিকদের মাঝে এ কম্বল বিতরণ করা হয়।

সেসময় হোটেল মালিক সমিতির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, হোটেল শ্রমিক ইউনিয়নের সভাপতি জহির উদ্দিন, সহ-সভাপতি বাবলু মিয়াসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। শীতে কম্বল পেয়ে অসহায় হতদরিদ্র মানুষেরা সন্তুষ্টি প্রকাশ করেন।

দিঘিরপাড়ায় শ্যামপুর ইউনিয়ন বিএনপির উদ্যোগে কম্বল বিতরণ

মেহেরপুর সদর উপজেলা শ্যামপুর ইউনিয়ন বিএনপির নেতা আবুল হাসেমের উদ্যোগে হতদরিদ্রের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। আজ বুধবার সন্ধ্যার পরে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের দিঘিরপাড়া এলাকায় কম্বল বিতরণ করা হয়।

মেহেরপুর সদর উপজেলা শ্যামপুর ইউনিয়ন বিএনপির নেতা আবুল হাসেম উপস্থিত থেকে কম্বল বিতরণ করেন। এ সময় উপস্থিত ছিলেন, শ্যামপুর ইউনিয়ন যুবদল নেতা কাবরান, যুবদল নেতা উজ্জল, দুই নম্বর ওয়ার্ড বিএনপির নেতা ইয়াকুব আলী, জলিল, ইদ্রিস, আজিজুল, সুরুজ, আরিফ, মেহেরপুর জেলা জিয়া সাইবার ফোর্স যুগ্ন আহবায়ক নাজমুল হাসান সোহাগ, সহ বিএনপির স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কম্বল বিতরণ অনুষ্ঠানে বক্তারা বলেন, আগামীতে দেশকে ঢেলে সাজাতে হবে এবং দলীয় নেতাকর্মীদের ঐক্যমতের মাধ্যমে দলকে সুসংগঠিত করতে হবে।